

* মসজিদ কুড় মসজিদ:

খুলনা থেকে কয়রা গামী বাসে মসজিদকুড় গ্রামের ব্রিজের মোড়ে নেমে নদীর বেড়ি বাঁধের উপর দিয়ে পশ্চিম দিকে ১০০ মিটার (প্রায়) হেটে গেলেই নয় গম্বুজ বিশিষ্ট এই মসজিদ পাওয়া যাবে। অথবা খুলনা থেকে পাইকগাছা গামী বাসে পাইকগাছা যেয়ে ওখান থেকে কয়রার বাসে মসজিদকুড় গ্রামে ব্রিজের মোড়ে নামতে হবে।

* পিসি রায়ের বাড়ি:

খুলনা থেকে পাইকগাছা যাওয়ার বাসে উঠে পাইকগাছা উপজেলা সদরের ১.৫ কি: মি: আগেই বোয়ালিয়া বাজার বাস ষ্টান্ডে নেমে রিক্সা ভ্যানে প্রায় ১ কি: মি: যেয়ে কপোতক্ষ নদীর ঘাট। নৌকায় নদী পার হয়ে পুনরায় রিক্সা ভ্যানে ১.৫ কি: মি: যেয়ে রাড়ুলী গ্রামে পিসি রায়ের বাড়ি। নদীতে ব্রিজ নির্মাণাধীন আছে। ব্রিজ নির্মাণ শেষ হয়ে থাকলে বোয়ালিয়া থেকে সরাসরি পিসি রায়ের বাড়িতে রিক্সা ভ্যান বা ইজিবাইকে যাওয়া যাবে। মাইক্রোবাসে পিসি রায়ের বাড়ি যেতে হলে খুলনা পাইকগাছা হাইওয়ে দিয়ে তলা উপজেলা সদর পার হয়ে ডাইনে কপোতক্ষ ব্রিজ পার হয়ে পিচের রাস্তায় সরাসরি পিসি রায়ের বাড়ি যাওয়া যাবে।

* বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের শ্বশুরবাড়ি:

খুলনা যশোর হাইওয়ে দিয়ে যেয়ে বেজেরডাঙ্গা বাসষ্টান্ডে নেমে ১.৫ কি: মি: রিক্সা ভ্যান বা ইজিবাইকে যেয়ে দক্ষিণডিহি গ্রামে অবস্থিত বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের শ্বশুরবাড়ি। এই পথে মাইক্রোবাস নিয়ে সরাসরি যাওয়া যাবে।

* রবীন্দ্রনাথ ঠাকুরের পূর্ব পুরুষের বসতভিটা:

খুলনা থেকে জেলখানা ফেরিঘাট পার হয়ে ইজিবাইকে কাজদিয়া বাজার (প্রায় ৮ কি: মি:) হয়ে সরাসরি পিঠাভোগ গ্রামে রবীন্দ্রনাথ ঠাকুরের পূর্ব পুরুষের বসতভিটায় যাওয়া যাবে। এছাড়া খুলনা থেকে মাইক্রোবাস নিয়ে রূপসা ব্রিজ পার হয়ে কুদির বটতলার ভিতর দিয়ে রূপসা উপজেলার সদরের উপরদিয়ে যেয়ে পিঠাভোগ গ্রামে যাওয়া যাবে।

* ধোপাখোলা মসজিদ:

খুলনা যশোর হাইওয়ে দিয়ে যেয়ে ফুলতলা বাসষ্টান্ডে নেমে এখান থেকে চুকনগর গামী লেগুনা অথবা ইজিবাইকে (প্রায় ৫ কি:মি:) যেয়ে ধোপাখোলা গ্রামে নেমেই ধোপাখোলা মসজিদ দেখা যাবে। এই পথে মাইক্রোবাস নিয়ে সরাসরি যাওয়া যাবে।

* পায়গ্রাম কসবা মসজিদ:

খুলনা যশোর হাইওয়ে দিয়ে বেজেরডাঙ্গা বাসষ্টান্ডে নেমে রিক্সা ভ্যান বা ইজিবাইকে ভাটপাড়া খেয়াঘাট গেলেই উত্তর-ডিহি মৌজায় অবস্থিত পায়গ্রাম কসবা মসজিদ পাওয়া যাবে। এই পথে খুলনা থেকে মাইক্রোবাস নিয়ে সরাসরি যাওয়া যাবে।